



গাজার গণকবরে প্রিয়জনের খোঁজে অসহায় ফিলিস্তিনিরা



সংগৃহীত ছবি

গাজা উপত্যকার নানা প্রান্তে একের পর এক গণকবর উন্মোচিত হচ্ছে। এসব কবরে ছুটে আসছেন অসংখ্য ফিলিস্তিনি—কেউ হারানো সন্তানকে খুঁজছেন, কেউ বা মায়ের, ভাইয়ের বা স্বামীর নিখর দেহের সন্ধানে কাঁদছেন। ধ্বংসস্তূপের নিচ থেকে উদ্ধার হওয়া দম্ভ ও বিকৃত লাশের কারণে নিহতদের পরিচয় নিশ্চিত করা হয়ে উঠেছে অত্যন্ত কঠিন।

স্থানীয়রা জানাচ্ছেন, এমন মর্মান্তিক পরিস্থিতিতে হতাহতদের পরিবারগুলো চরম মানসিক বিপর্যয়ের মধ্য দিয়ে যাচ্ছে। তারা আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন, দ্রুত শনাক্তকরণ ও উদ্ধার কার্যক্রমে সহায়তা দেওয়ার জন্য।

এদিকে গাজার আল-আকসা শহীদ হাসপাতালের মুখপাত্র খালিল আল-দাকরান আল-জাজিরাকে জানান, গাজায় বর্তমানে অন্তত ৭০ হাজার মানুষ ‘হেপাটাইটিস সি’-তে আক্রান্ত। জরুরি চিকিৎসার জন্য তাঁদের গাজা উপত্যকার বাইরে নেওয়া একান্ত প্রয়োজন।

তিনি আরও সতর্ক করে বলেন, “রোগের প্রকোপ দ্রুত ছড়িয়ে পড়ছে। মানবিক বিপর্যয় ঠেকাতে সীমান্তপথ অবিলম্বে খুলে দেওয়া এখন সময়ের দাবি।”

সূত্র: আল জাজিরা